

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৩, ২০১৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ

ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২০ কার্তিক ১৪১৯ বঙ্গাব্দ/৪ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৭৫-আইন/২০১২।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(১০৩)

মূল্য : টাকা ৮.০০

৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগলাভের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা— কোন ব্যক্তির কোন বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগলাভের জন্য নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে, যথা :—

(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য তিন বৎসর মেয়াদী স্নাতক ও এক বৎসর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী বা চার বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রীর অধিকারী;

(খ) ইতোপূর্বে কোন বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে বা উহার অব্যবহিত নিম্নপদে অন্যান্য ৩ (তিন) বৎসর কর্ম অভিজ্ঞতাসহ যে শ্রেণীর বীমার জন্য কোন ব্যক্তিকে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগের প্রস্তাব করা হইবে, অনুরূপ শ্রেণীর বীমা ব্যবসায় অন্যান্য ১৫ (পনের) বৎসরের কাজের অভিজ্ঞতা;

(গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত স্বীকৃত পেশাগত ডিগ্রি বা পদবীধারীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে, যথা :—

(১) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate,

(২) কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্ত কোন Actuarial Professional Body হইতে প্রাপ্ত Fellowship বা Associateship,

(৩) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate,

(৪) Chartered Life Underwriter (CLU),

(৫) Life Management Institute (Life Insurance Industry Accreditation) এর Fellow বা Associate,

(৬) Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর Fellow বা Associate,

(৭) Institute of Chartered Accountants of England and Wales এর Fellow বা Associate,

(৮) Association of Chartered Certified Accountants (ACCA) এর Fellow বা Associate,

(৯) Institute of Cost and Management Accountants (ICMA) এর Fellow বা Associate,

(১০) Chartered Financial Analyst (CFA),

(১১) Chartered Public Accountants (CPA);

